NEWBORN SCREENING ONTARIO
DÉPISTAGE NÉONATAL ONTARIO

সদ্যজাত শিশুর স্বাস্থ্য পরীক্ষা এবং আপনার সন্তান:

স্বাস্থ্যসম্মত শুরু মানে স্বাস্থ্যকর জীবন

প্রাথমিক অবস্থায় রোগের লক্ষণ ধরা পড়লে আশু চিকিৎসা করা যায়

নবাগত কিংবা অনাগত পিতামাতা, আপনার সন্তানের স্বাস্থ্য আপনার কাছে গুরুত্বপূর্ণ। যদিও বেশিরভাগ শিশু জন্মের সময় ভালো দেখায়, তথাপি স্বাস্থ্য পরীক্ষা করে কোন রোগের লক্ষণ পাওয়া মাত্র চিকিৎসা শুরু না করলে বিরাট স্বাস্থ্য ঝুঁকি থেকে যায়। আপনার শিশুর জীবনের শুরুটা সুন্দর হওয়ার জন্য আপনার সহযোগিতা আবশ্যক কেননা, আপনার নবজাতক-এবং অন্টারিওতে জন্ম নেয়া প্রত্যেকটি শিশুর জন্য কমপক্ষে ২৯টি ভিন্ন ভিন্ন রোগ পরীক্ষা করার প্রস্তাব দেয়া হচ্ছে। যদিও এই রোগগুলো সচরাচর হয় না, তথাপি প্রতি বছর অন্টারিওতে জন্ম নেয়া ১৪০,০০০ শিশুর মধ্যে আনুমানিক ২০০টি শিশু এসব রোগে আক্রান্ত হয়। প্রাথমিক পরীক্ষার লক্ষ্য হচ্ছে- চিকিৎসাটা যাতে আশু শুরু করা যায় এবং শিশুটি যাতে সুস্বাস্থ্যের অধিকারী হয়।

নবজাতকের স্বাস্থ্য পরীক্ষা বাধ্যতামূলক নয়। এটাকে ধরে নেয়া যায় প্রত্যেক শিশুর স্বাস্থ্যের প্রতি যত্ন নেয়ার একটি সাধারণ মান এবং যা কেবলই একটি সুপারিশ। আপনার শিশুর স্বাস্থ্য পরীক্ষা করাবেন কি করাবেন না তা একান্তই আপনার অধিকারের বিষয়। আপনি ইচ্ছে করলে আপনার সিদ্ধান্ত নিয়ে সংশ্লিষ্ট স্বাস্থ্য বিভাগের কর্মকর্তার সাথে আলোচনা করতে পারেন। নবজাতকের এ স্বাস্থ্য পরীক্ষাটিই উল্লিখিত রোগের লক্ষণ রয়েছে কি না তা দেখার একামাত্র পথ, এবং ভবিষ্যতে একটি জটিল ব্যাধিতে পরিণত হওয়ার আগেই চিকিৎসার মাধ্যমে রোগটি নির্মুল করে দেয়া সম্ভব।

একটি ছোট্ট পরীক্ষা, ফলাফল অনেক বড়

এই স্বাস্থ্য পরীক্ষাটি করতে আপনার নবজাতকের শরীর থেকে সামান্য রক্তের নমুনা নিতে হয়। এটা শিশুর জন্মের ২৪ ঘন্টা থেকে ৭২ ঘন্টার মধ্যে নিতে হয়। শিশুর পায়ের গোড়ালিতে খোঁচা দিয়ে একট বিশেষ কাগজের কার্ড- এ রক্তের নমুনা সংগ্রহ করা হয়। আপনাকে একটি তথ্য-পত্র দেয়া হবে যার উপরে তথ্যসূত্রের একটি নম্বর লেখা থাকবে। এই নম্বরটি আপনার শিশুর রক্তের নমুনা পত্রটির সাথে সম্পৃক্ত। উক্ত নমুনাটি তারপর পাঠানো হবে নিউবর্ন স্ক্রিনিং অন্টারিও (এনএসও)-তে যেখানে উল্লিখিত ২৯টি রোগের কোন লক্ষণ রয়েছে কি না এবং সেই সাথে নিম্নোক্ত রোগগুলোর লক্ষণ রয়েছে কি না তাও দেখা হবে:

- মেটাবোলিক রোগ
- এনডোকরাইন রোগ
- সিকেল সেল রোগ (এসসিডি)
- সিসটিক ফিবরোসিস (সিএফ)
- সিভিয়ার কম্বাইনড ইম্যুইন ডেফিসিয়েন্সি (এসসিআইডি)

পূর্ণাঙ্গ রোগের তালিকাটি পাওয়া যাবে এনএসও ওয়েবসাইটে www.newbornscreening.on.ca

Bengali: Newborn Screening and Your Baby Catalogue # 018586 December 2013 © Queen's Printer for Ontario 2013

Ontario

স্বাস্থ্য পরীক্ষার ফলাফলঃ অধিক ঝুঁকিপূর্ণ এবং কম ঝুঁকিপূর্ণ

এই স্বাস্থ্য পরীক্ষার ফলাফলে দেখা যাবে আপনার শিশু অধিক ঝুঁকিপূর্ণ না কম ঝুঁকিপূর্ণ রোগের শিকার,কিন্তু এটা কোন হ্যাঁ বা না পরীক্ষা নয় (যা কি না "ডায়াগোনষ্টিক" টেষ্ট হিসেবে পরিচিত)। যদি আপনার শিশুর মধ্যে কখনও একটি রোগের লক্ষণ দেখা দেয়, আপনার শিশুর চিকিৎসক যথাযথ পরীক্ষার ব্যবস্থা নেবেন। বলে রাখা ভালো, আপনার মনে রাখার দরকার যে, নবজাতকের এ স্বাস্থ্য পরীক্ষা সকল জটিল রোগের পরীক্ষা নয়।

স্বাস্থ্য পরীক্ষার নেতিবাচক ফলাফলের অর্থ হচ্ছে উল্লিখিত রোগগুলোর মধ্যে আপনার শিশুর কোন একটি রোগের লক্ষণ রয়েছে যা কম ঝুঁকিপূর্ণ এবং পরবর্তি কোন পরীক্ষার প্রয়োজন নেই। ৯৯% এরও বেশি শিশুর স্বাস্থ্য পরীক্ষার ফলাফল নেতিবাচক।

স্বাস্থ্য পরীক্ষার ইতিবাচক ফলাফলের অর্থ হচ্ছে উল্লিখি রোগগুলোর মধ্যে আপনার শিশুর কোন একটি রোগের লক্ষণ রয়েছে যা অধিক ঝুঁকিপূর্ণ এবং পরবর্তি পরীক্ষা আবশ্যক। এর অর্থ এই নয় যে আপনার শিশুর কোন রোগ রয়েছে। এ ধরনের ঘটনায়, নিউবরন স্ক্রিনিং অন্টারিও (এনএসও)-র চিকিৎসকরা আপনার শিশুকে বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করার জন্য পাঠাবেন। আপনার সাথে আপনার স্বাস্থ্য পরিচর্যাকারীরা (এইচসিপি) অথবা একজন বিশেষজ্ঞ যোগাযোগ করবেন যদি আপনার শিশুর স্বাস্থ্য পরীক্ষার ফলাফল ইতিবাচক আসে।

আপনার শিশুকে স্বাস্থ্য পরীক্ষার জন্য আবারও নিয়ে আসার জন্য বলা হতে পারে। এটা তখনই বলা হবে যদিঃ

-আপনার শিশুর রক্তের নমুনা তার জন্মের ২৪ ঘন্টা আগে নেয়া হয়

-প্রযাপ্ত রক্ত না নেয়া হয়ে থাকে

-রক্তের নমুনাটি মানসম্মত ছিল না

এ প্রযায়ে যদি প্রয়োজন হয় তবে আপনার হাসপাতাল অথবা সেবিকার পক্ষ থেকে রক্তের নমুনা সংগ্রহের জন্য আপনার সাথে যোগাযোগ করা হবে। এটা খুবই গুরুত্বপূর্ণ যে, দ্বিতীয়বার রক্তের নমুনাটি যত তাড়াতাড়ি সম্ভব দিতে হবে যাতে আপনার নবজাতক সন্তান এ পরীক্ষার পুরোপুরি সুবিধাটা পায়। দ্বিতীয়বার রক্ত সংগ্রহ করার ত্র্থ এই নয় যে আপনার শিশুর কোন সমস্যা রয়েছে।

পরীক্ষার ফলাফলটি অন্টারিও ল্যাবরোটরিজ ইনফরমেশন সিষ্টেম (ওএলআইএস) এর পক্ষ থেকে ডাকযোগে অথবা প্রযুক্তির মাধ্যম যাবে হাসপাতাল অথবা এইচসিপি তথা যারা এ পরীক্ষা করেছে তাদের কাছে। আপনার শিশুর এইচসিপিও ওএলআইএস এর মাধ্যম ফলাফলটি পেতে পারে। সন্তানের পিতা/মাতা বা অবিভাবককে এনএসও সরাসরি কোন ফলাফল প্রদান করে না।

উল্লিখিত রোগগুলো ছাড়া এ পরীক্ষা কি আর কিছু খুঁজে পায়?

কখনও কখনও এ পরীক্ষার মাধ্যমে জানা যায় যে উল্লিখিত ২৯টি রোগ ছাড়াও শিশুটির অন্য কোন রোগ রয়েছে। যদি এ ধরনের কোন কিছু ধরা পড়ে তাহলে একজন বিশেষজ্ঞ আপনার সাথে এ বিষয়ে আলোচনা করবেন।

উল্লিখিত পরীক্ষার মাধ্যমে আরও জানা যায় যে আপনার শিশু অন্য কোন রোগের বাহক কি না (রোগের চারিত্রিক বৈশিষ্ট বলে যা পরিচিত)। শিশুদের মধ্যে যারা বাহক হিসেবে পরিচিত তারা স্বাস্থ্যবান এবং কোন বিশেষ চিকিৎসার প্রয়োজন নেই। অনুরোধ জানালে বাহকের ফলাফল জানা যায়। কিভাবে আপনার শিশুর বাহক ফলাফলের তথ্য পেতে পারেন তা এনএসও-এর ওয়েবসাইটে দেয়া আছে- অথবা, আপনার শিশুর তত্বাবধানকারীর কাছে জিজ্ঞেস করুন।

আপনার শিশুর ব্যক্তিগত তথ্য সুরক্ষা এবং গোপনীয়তা

আপনার শিশুর রক্তের নমুনা এবং তথ্য সমূহের গোপনীয়তা এবং নিরাপত্তার বিষয়ে এনএসও প্রতিজ্ঞাবদ্ধ। রক্ত সংগ্রহ এবং এর ব্যবহার নিয়ে তারা একটি নীতিমালা প্রণয়ন করেছে। কেবলমাত্র স্বাস্থ্য বিষয়ক, গবেষণা এবং পরীক্ষা-নিরীক্ষার জন্য এগুলো ব্যবহার করা যাবে। ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য (পিএইচআই) এবং স্বাস্থ্য পরিচ্রযাকারীদের সাথে নবজাতকের স্বাস্থ্য পরীক্ষা এবং ফলাফল আদান-প্রদান করা হয় কেবলমাত্র আপনার শিশুর স্বাস্থ্য পরিচ্রযা সঠিকভাবে হচ্ছে কি না তা নিশ্চিত হওয়ার জন্যে। পিএইচআই ওএলআইএস এর সাথেও তথ্য আদান-প্রদান করে। আপনি যদি এসব তথ্য আদান প্রদান হোক চান না, কার সাথে, দয়া করে আপনার ইচ্ছাটি প্রকাশ করুন এইচসিপির কাছে অথবা এনএসও-এর সাথে যোগাযোগ করুন।

যাবতীয় পরীক্ষা শেষে আপনার শিশুর রক্তের নমুনা যথাযথ ক্রতৃপক্ষের কাছে মেডিকেল রেক্রড হিসেবে সুরক্ষিত থাকবে। এটা আপনার শিশুর ১৯ বছর বয়স প্রযন্ত সংরক্ষণ করা হবে তারপর নষ্ট করা হবে। নমুনাগুলো এজন্য সংরক্ষণ করা হয় যে নবজাতকের স্বাস্থ্য বিষয়ক পরীক্ষাগুলো যথাযথভাবে কাজ করেছে। এটা আপনার শিশু এবং অন্টারিওর সকল শিশুর জন্য উপকারী। কখনও কখনও শিশুর এ পরীক্ষার নমুনা ভবিষ্যতে বিশেষ ক্ষেত্রে তার ডাক্তারের প্রয়োজন হতে পারে। সংরক্ষণ করার অ্রথই হলো প্রয়োজনবোধে কাজে লাগানো। এ সংরক্ষিত নমুনাটি অন্যান্য যে সকল কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে তা হলো আপনার অনুরোধে অন্য কোন ল্যাবে পরীক্ষা করা, চিকিৎসা ক্ষেত্রের নতুন কোন উদ্ভাবন বা উন্নতির কারনে এনএসও পরীক্ষা, কোন কারণে আদালতের কোন নির্দেশ অথবা আইনগত কারণে, এবং রিসার্চ এথিকস বোর্ডের গবেষণার কাজে। সাধারণতঃ, আপনার শিশু সম্প্রিকত তথ্য এবং রক্তের নমুনা একমাত্র আপনার লিখিত অনুমতি ব্যাতিরেকে অথবা আদালতের অনুমতি ছাড়া কারো সাথে আদান-প্রদান করা যাবে না।

আপনি যদি আপনার শিশুর রক্তের নমুনা সংরক্ষিত করতে না চান তবে আপনি এনএসওকে এটা ফেলে দিতে বলতে পারেন অথবা আপনাকে হস্তান্তর করার জন্য বলতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য এনএসও-র সাথে যোগাযোগ করুন।

বিস্তারিত তথ্যের জন্য

অন্টারিওতে নবজাতকের স্বাস্থ্য পরীক্ষা বিষয়ে আপনার যদি কোন প্রশ্ন থাকে, দয়া করে আপনার স্বাস্থ্য পরিচ্রযাকারীর সাথে কথা বলুন অথবা সরাসরি নিউব্রন স্ক্রিনিং অন্টারিও-র সাথে যোগাযোগ করুন।

ওয়েবসাইট

www.newbornscreening.on.ca

ফোন

টল ফ্রি: ১-৮৭৭-NBS-৮৩৩
(১-৮৭৭-৬২৭-৮৩৩০)
সকাল ৮ টা থেকে বিকেল ৪টা

ইমেইল

NewbornScreening@cheo.on.ca

ডাকযোগে

Newborn Screening Ontario
Children's Hospital of Eastern Ontario
415 Smyth Road
Ottawa, Ontario K1H 8M8

টুইটার

@NBS_Ontario